



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
সরকারি মাধ্যমিক শাখা
www.dshe.gov.bd



নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২২.১৪৪

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২৩

অফিস আদেশ

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন তারাগঞ্জ ওয়াক এন্ডেট (ও/এ) মডেল উচ্চ বিদ্যালয়, তারাগঞ্জ, রংপুর শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৯২.১৫.১৫৩.২১-২৫১, তারিখ: ২৯ জানুয়ারি ২০২৩খ্রি. মোতাবেক শিক্ষকগণকে এডহক নিয়োগ করা হয়। বিদ্যালয়টিতে প্রধান শিক্ষক পদে এডহক নিয়োগ না হওয়ায় সহকারী প্রধান শিক্ষক জনাব মো: মুছা সরকার ৩০.০১.২০২৩খ্রি. তারিখ হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বভার গ্রহণ করায় দায়িত্ব গ্রহণের তারিখ হতে নিম্নবর্ণিত শর্তে তাঁকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক এর দায়িত্বসহ আর্থিক লেন-দেনের ক্ষমতা প্রদান করা হলো। তিনি নিজের এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদের আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

শর্তসমূহ:

- (ক) এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে প্রধান শিক্ষক যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে।
- (খ) ট্রেজারী ও সাব-ট্রেজারী আইনের এস,আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী তাঁকে আনুষংগিক ভাতা, সম্মানী ইত্যাদি বিলসমূহে স্বাক্ষর করার ক্ষমতা প্রদান করা হলো।
- (গ) দায়িত্ব পালনকালীন সকল প্রকার আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে বিধি বিধানের আলোকে সকল প্রকার লেনদেন করতে হবে ও আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১২-৩-২০২৩


দুর্গা রানী সিকদার
সহকারী পরিচালক-১

নম্বর: ৩৭.০২.০০০০.১০৬.৩৪.০০২.২২.১৪৪/১(৭)

তারিখ: ২২ ফাল্গুন ১৪২৯
০৭ মার্চ ২০২৩

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) প্রধান হিসাবরক্ষণ ও ফিন্যান্স কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা
- ২) উপপরিচালক, রংপুর অঞ্চল, রংপুর।
- ৩) সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ৪) বিভাগী/জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....।
- ৫) প্রধান শিক্ষক,.....।
- ৬) জনাব,.....।
- ৭) সংরক্ষণ নথি।



১২-৩-২০২৩

দুর্গা রানী সিকদার
সহকারী পরিচালক-১